



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৮.১৮- ২০৬

তারিখ: ১০.১০.২০১৮ খ্রি:।

বিষয়: গাজীপুর জেলার সদর উপজেলাধীন আজিজিয়া বাসেতিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসার একাডেমিক প্রয়োজনে মাদ্রাসার ৫ম তলা ভবন সম্প্রসারণ বিষয়ে বাস্তবতা যাচাইপূর্বক সুপারিশসহ একটি প্রতিবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: আজিজিয়া বাসেতিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসার স্মারক নং-০৫/২০১৮

তারিখ: ১০.০৯.২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাস্থ আজিজিয়া বাসেতিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে একটি আবেদন দাখিল করা হয়।

০২. আবেদনে আবেদনকারী কর্তৃক তাঁর মাদ্রাসার (আজিজিয়া বাসেতিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা) একাডেমিক প্রয়োজনে ৫ম তলায় ভবন সম্প্রসারণের নিমিত্ত মাদ্রাসার সংরক্ষিত তহবিল, পূবালী ব্যাংক লি: কাশিমপুর শাখা, সঞ্চয়ী হিসাব নং-০৭৪৮-১০১-১১০১৬৮ হতে ১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা) উত্তোলনের অনুমতি চেয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করা হয়।

০৩. ভবন সম্প্রসারণ কাজের বাস্তব চাহিদা আছে কি না এ সম্পর্কে সঠিক তথ্য ও মতামত সহ একটি সুপারিশ প্রয়োজন বিধায় আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজ পত্র উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাজীপুর বরাবরে প্রেরণ করা যেতে পারে।

০৪. এমতাবস্থায় প্রেরিত কাগজপত্রের আলোকে এবং সরেজমিন তদন্তপূর্বক ভবন সম্প্রসারণ বিষয়ে বাস্তবতা ও সঠিকতা যাচাইপূর্বক মতামত সহ একটি প্রতিবেদন আগামী ৩০.১০.২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মতে ০৬ ফর্দ।



মোহাম্মদ শামসুজ্জামান

উপ-পরিচালক (অর্থ)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৪১০৩০১৬৪

উপজেলা নির্বাহী অফিসার
গাজীপুর সদর, গাজীপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে;

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।

২। জেলা প্রশাসক, গাজীপুর।

৩। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাজীপুর।

৫। অফিস কপি।